

বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা

বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা সমবায় অধিদপ্তর এর নিয়ন্ত্রণাধীন সর্বোচ্চ এবং জাতীয় পর্যায়ে একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় সমবায় অধিদপ্তর একটি সংযুক্ত দপ্তর বা **attached department**। কুমিল্লা জেলা শহর থেকে ১০ কিলোমিটার দক্ষিণ-পূর্ব দিকে কোটবাড়ীতে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি বা **Bangladesh Academy for Rural Development (BARD)** এর সাথে একই ক্যাম্পাসে এর অবস্থান। কোটবাড়ী খুবই ঐতিহাসিক এক স্থান। বৌদ্ধ সভ্যতার অন্যতম নিদর্শন শালবন বিহার এখানেই অবস্থিত। আজ থেকে প্রায় ১২০০ বছর আগে এই শালবন বিহার জ্ঞান অর্জনের এক পাদপীঠ ছিল এই কোটবাড়ী। আজ ১২০০ বছর পরও কোটবাড়ী শিক্ষা ও জ্ঞান অর্জনের এক অন্যতম স্থান হিসেবে দেশ ও বিদেশে সমানভাবে খ্যাত। এরকম একটি ঐতিহাসিক স্থানে অবস্থানের জন্য নিশ্চিতভাবেই বাংলাদেশ সমবায় একাডেমি গৌরব বোধ করে।

বাংলাদেশ সমবায় একাডেমি'র অভীষ্ট লক্ষ্য অর্জন করার জন্য সুনির্দিষ্ট দায়িত্ব পালন করতে হয়। এর মধ্যে প্রধান কাজ হলো প্রশিক্ষণ প্রদান। সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীসহ সমবায় অধিদপ্তরের আওতায় নিবন্ধিত সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ সুবিধা প্রদানের জন্য বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট বিগত কয়েক দশক যাবৎ নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

প্রশিক্ষণ কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমবায় একাডেমিতে বেশ কিছু সুযোগ সুবিধা বিদ্যমান রয়েছে। যেহেতু একাডেমি'র সকল প্রশিক্ষণ সুবিধা আবাসিক সেজন্য প্রশিক্ষণার্থীদের আবাসনের জন্য রয়েছে দুটি তিনতলা হোস্টেল ভবন যেখানে প্রায় ১০০ জন প্রশিক্ষণার্থী একত্রে বাস করতে পারে। বাংলাদেশ সমবায় একাডেমিতে ১০,০০০ এর বেশী দেশি-বিদেশী পুস্তক-সমৃদ্ধ একটি লাইব্রেরী রয়েছে, যেখানে সমসাময়িকসহ বিভিন্ন রকমের বই রয়েছে।